আজকের কাগজ ৭২

তারিখ 30 JUL 1995
পৃষ্ঠা ৬ কলাম ৮

# ত্রিশালে বিদ্যালয় ভবনের ছাদ ধসে দু'জনের মৃত্যু

গত ২৩ জুলাই বিকেলে ময়মনসিংহের ত্রিশাল থানার মোক্ষপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান ভবনের পুরাতন ছাদ ধসে ২ জন নিহত ও কমপক্ষে ৭ জন আহত হয়েছে। ঘটনার দিন বিকেলে মোক্ষপুর বাজার চলাকালিন বৃষ্টি শুরু হলে বাজারের লোকজন উক্ত স্কুলের বারান্দায় আশ্রয় নেয়। হঠাৎ করে বিজ্ঞান ভবনের পুরাতন ছাদ ধসে পড়লে ঘটনাস্থলেই মোক্ষপুর গ্রামের রসুন মুন্সীর ছেলে আঃ আওয়াল (৫৫) এবং মারাত্মক আহত অবস্থায় একই গ্রামের সাহেদালীর ছেলে আঃ হেকিম (২২) হাসপাতালে নেয়ার পথে মারা যায়। আহতরা হলেন, মোক্ষপুর গ্রামের আনিছ (২০), মোতালেব (৩০), শাহজাহান (২৪), সফিকুল (১২), মুনসর আলী (৪০) সাপখালী, জিয়াউল হক (২৫) সাগাটি গ্রামের। বাকী দু'জনের পরিচয় পাওয়া যায়নি। ত্রিশাল থেকে হরিদাস দেবনাথ।